

“ পরিবেশ বান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম ” (গ্রীণ ব্যাংকিং)

পরিবেশ দূষণ রোধে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়ন প্রবাহকে সুগম করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। গ্রীণ ব্যাংকিং তথা পরিবেশবান্ধবপণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় পুনঃঅর্থায়নযোগ্য পণ্য/প্রকল্প/উদ্যোগসমূহের বিদ্যমান পরিসর গুণগত ও সংখ্যাগতভাবে বৃদ্ধি করা হয়েছে। Sustainable Finance Policy এর আলোকে বাংলাদেশ সরকারের ঘোষিত বিভিন্ন কর্ম পরিকল্পনা যেমন- Perspective Plan of Bangladesh, National Sustainable Development Strategy, Intended Nationally Determined Contributions (INDCs), Bangladesh Delta Plan 2100 এবং Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নের সাথে সঙ্গতি রেখে প্রণীত টেকসই অর্থায়ন নীতিমালা ২০২০ পর্যালোচনায় গ্রীণ ব্যাংকিং খাতে পুনঃঅর্থায়ন সংশ্লিষ্ট পণ্য/প্রকল্প/উদ্যোগের সংখ্যা ৫৫ থেকে ৬৮ তে উন্নীত করা হয়েছে।

গ্রীণ ব্যাংকিং এর অনুমোদিত খাতসমূহঃ

- ক) নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)।
- খ) জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা (Energy & Resource Efficiency)।
- গ) বিকল্প জ্বালানি (Alternative Energy)।
- ঘ) তরলবর্জ্য ব্যবস্থাপনা (Liquid Waste Management)।
- ঙ) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Solid Waste Management)।
- চ) পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ দ্রব্য প্রস্তুতকরণ (Recycling & Manufacturing of Recyclable Goods)।
- ছ) পরিবেশবান্ধব ইট উৎপাদন (Environment Friendly Brick Production)।
- জ) পরিবেশবান্ধব স্থাপনা (Green/Environment Friendly Establishments)।
- ঝ) সবুজ কৃষি (Green Agriculture)।
- ঞ) Green CMSME.
- ট) সামাজিক দায়বদ্ধতা অর্থায়ন (Socially Responsible Finance (SRF))।
- ঠ) বিবিধ (Miscellaneous)।

ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

- এ স্কিমের আওতায় শুধু পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে কেবলমাত্র মেয়াদি ঋণ (Term Loan) এর বিপরীতে ঋণ সুবিধা প্রদানযোগ্য হবে;
- প্রকল্পের পরামর্শ খরচ, মেরামত সংক্রান্ত ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ এবং চলতি মূলধন বাবদ কোনরূপ ব্যয় এর জন্য ঋণ সুবিধা প্রাপ্য হবে না;
- স্কিমের আওতায় গ্রাহকের অনুকূলে বিতরণকৃত ঋণ সংশ্লিষ্ট পণ্য/প্রকল্পের জন্য বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সর্বোচ্চ পুনঃঅর্থায়ন সীমা অতিক্রম করবে না;
- ঋণ খেলাপি গ্রাহকগণ এ স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্য হবে না;

- তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের বিরূপভাবে শ্রেণিকৃত/বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ায় পুনঃতফসিলিকৃত/সুদ মওকুফকৃত/ঋণ অবলোপন ইতিহাস ঋণ গ্রহণের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ঋণের সুদ হারঃ

এ স্কিমের আওতায় ঋণের মেয়াদকালের ভিত্তিতে গ্রাহক পর্যায়ে নিম্নরূপ সর্বোচ্চ সুদহার নির্ধারিত হবেঃ

ঋণের মেয়াদ	ভিত্তি হার	মার্জিন	গ্রাহক পর্যায়ে সুদ হার
৫ বছরের কম	ব্যাংক হার (সময়ে সময়ে পরিবর্তনশীল) অপেক্ষা ১% কম	অনধিক ২%	ভিত্তি হার + মার্জিন
৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম	-ঐ-	অনধিক ২.৫%	-ঐ-
৮ বছর বা ততোধিক	-ঐ-	অনধিক ৩%	-ঐ-

*** সরকার ঘোষিত অগ্রাধিকার খাত হিসেবে কৃষি খাতের Solar Irrigation Pump এর ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে মার্জিন হবে সর্বোচ্চ ২%।

গ্রাহক পর্যায়ে ঋণসীমা ও ঋণের মেয়াদঃ

পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য ঋণের আওতা, বৈশিষ্ট্য, ঋণসীমা, গ্রেস পিরিয়ডসহ ঋণ পরিশোধের মেয়াদ প্রভৃতি প্রসঙ্গে এ স্কিম সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসরণীয় হবে।

বিঃদ্রঃ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ৬৮টি গ্রীণ ব্যাংকিং (পরিবেশবান্ধব) পণ্য/প্রকল্প/উদ্যোগ।